বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

জালালাবাদ গ্যাস

জরুরি
গোপনীয়

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
পরিকল্পনা ডিভিশন

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৯২.৪৪.০০৪.২২.৭১

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯
০২ নভেম্বর ২০২২

বিষয়: **জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)-এর গ্যাস পাইপলাইন নির্মাণ কাজের ১.৩ এবং ১.৪ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২২-২৩ ও ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের তালিকাভূক্তি নবায়ন প্রসঙ্গে।**

এতদ্বারা জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) এর ১.৩ ও ১.৪ শ্রেণির তালিকাভূক্ত ঠিকাদার/প্রতিষ্ঠানসমুহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের জন্য তালিকাভূক্তি নবায়ন করার লক্ষ্যে আগ্রহী ঠিকাদার/প্রতিষ্ঠানসমূহ কোম্পানির ওয়েব সাইটে মেনুবারে সেবাসমূহ এর ই-সেবাসমূহ হতে ঠিকাদার তালিকাভূক্তি/নবায়ন অথবা https://www.jalalabadgas.com লিংক-এ কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর মাধ্যমে পত্র ইস্যুর তারিখ হতে আগামী ১৩-১২-২০২২ ইং তারিখ পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রথমে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করতঃ প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে লগইন করে অনলাইনে নবায়নের জন্য আবেদন করা যাবে। অনলাইন আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ আপলোড করতে হবে।

| | |
|---|---|
| ১। | ২০২২-২৩ অর্থ বছরের ট্রেড লাইসেন্স; |
| ২। | ২০২১-২২ কর বছরের আয়কর প্রত্যয়নপত্র; |
| ৩। | ১৩ ডিজিটের ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র; |
| ৪। | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে সর্বাধিক ১ (এক) মাস পূর্বের ইস্যুকৃত ব্যাংক স্বচ্ছলতা সনদ;<br>• ১.৩ শ্রেণির জন্য: ন্যুনতম ১০ (দশ) লক্ষ টাকা এবং<br>• ১.৪ শ্রেণির জন্য: ন্যুনতম ২৫ (পঁচিশ) লক্ষ টাকা। |
| ৫। | লোকবলের তালিকাঃ<br>• ১.৩ শ্রেণির জন্য: তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.২ অনুযায়ী বর্ণিত সকল লোকবল।<br>• ১.৪ শ্রেণির জন্য: তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.৩ অনুযায়ী বর্ণিত সকল লোকবল।<br>উল্লেখ্য যে, লোকবলের তথ্যাদি ও নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/ হালনাগাদ ফিটার/ ওয়েল্ডার সনদ, নাগরিকত্ব সনদ এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সফটওয়ারের নির্ধারিত মেনুবারে আপলোড করতে হবে। |

| | |
|---|---|
| ৬। | যন্ত্রপাতি/সরঞ্জামের প্রত্যায়িত তালিকাঃ<br>● ১.৩ শ্রেণির জন্য: তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.৪ অনুযায়ী বর্ণিত সকল যন্ত্রপাতি/সরঞ্জাম।<br>● ১.৪ শ্রেণির জন্য: তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.৫ অনুযায়ী বর্ণিত সকল যন্ত্রপাতি/সরঞ্জাম।<br>আবেদনপত্র দাখিলের তারিখ হতে সর্বাধিক এক মাস পূর্বের ইস্যুকৃত স্বীকৃত কোন ইন্সপেকশন/ সার্ভে সংস্থার প্রত্যায়িত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির তালিকার মূলকপিসহ যন্ত্রপাতি ও সরঞ্জামের তথ্যাদি সফটওয়ারের নির্ধারিত মেনুরারে আপলোড করতে হবে। |
| ৭। | ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে জেজিটিডিএসএল কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি সনদপত্র; |
| ৮। | তিতাস/ বাখরাবাদ/ জালালাবাদ/ পশ্চিমাঞ্চল/ সুন্দরবন/ কর্ণফুলি গ্যাস কোম্পানি/ গ্যাস ট্রান্সমিশন কোম্পানি কর্তৃক যে কোন কারণে খেলাপকারী হিসেবে তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভুক্তি/ সাসপেনশন/ জরিমানা বহাল নাই মর্মে ঠিকাদারের লেটারহেড প্যাডে ঘোষনাপত্র। এ সংক্রান্ত কোন তথ্য গোপনের ক্ষেত্রে তালিকাভুক্তি বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হবে। |
| ৯। | আবেদন দাখিলের পূর্ববর্তী দুই বছরে ১.৩/১.৪ শ্রেণিভূক্ত কাজের জন্য কোম্পানিতে অংশগ্রহণকৃত দরপত্র ও গ্রাহক ব্যয়ে সম্পাদিত প্রকল্পের বিশদ বিবরণসহ সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়নপত্র। |
| ১০। | একাধিক প্রতিষ্ঠানের মালিকানায় জড়িত নাই মর্মে ঠিকাদারের লেটারহেড প্যাডে ঘোষনাপত্র। |
| ১১। | e-GP তে রেজিষ্ট্রেশন রেকর্ড ও e-mail address দিতে হবে। |
| ১২। | ফার্মের স্বত্ত্বাধিকারী / অংশিদারগন/ পরিচালকগনের স্বাক্ষর ও ছবি । |

এছাড়াও কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে যে সকল আবশ্যিক মেনুবার রয়েছে তা যথাযথভাবে পুরণ/সম্পন্ন করতে হবে। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ সফটওয়্যারের ইউজার ম্যানুয়ালে উল্লেখ রয়েছে।

অনলাইনে আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন এবং ১.৩ ও ১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের জন্য নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানসমূহকে পরবর্তীতে সফটওয়্যার/ অনলাইনে কর্তৃপক্ষ কর্তৃক ডিমান্ড নোট ইস্যুর প্রেক্ষিতে ০২ (দুই) বছরের জন্য নবায়ন ফি বাবদ {১.৩ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১৫,০০০ (পনের হাজার) টাকা ও ১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা এবং সরকার কর্তৃক নির্ধারিত মূসক, অনাদায়ী মূসক} অর্থ ডিমান্ড নোটে উল্লেখিত ব্যাংকে জমা প্রদান করে রশিদ এর স্ক্যান কপি এবং তালিকাভুক্তি মেয়াদকালীন ৩য় পক্ষের দায়বীমা পলিসি সফটওয়্যারের নির্ধারিত মেনুবারে আপলোড করতে হবে।

উল্লেখ্য যে, পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি বা জেজিটিডিএসএল কর্তৃক কালো তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কিংবা তার লোকবলকে অন্তর্ভূক্তি করা হলে, তাদের নবায়নের আবেদন গ্রহণযোগ্য হবে না। জেজিটিডিএসএল কর্তৃপক্ষ উপর্যুক্ত ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি/ কার্যক্রম এর আংশিক অথবা সম্পূর্ণ, কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় পরিবর্তন/ বাতিল করার অধিকার/ ক্ষমতা সংরক্ষণ করে।

২-১১-২০২২

প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন

মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +8802996633194

বিতরণ :

১) ১.৩ ও ১.৪ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের স্থায়ী কমিটির আহবায়ক /সদস্য/ সদস্য-সচিব-- -------------- জেজিটিডিএসএল, সিলেট।

২) ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/পরিচালক ---------- -------------------------------------

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৯২.৪৪.০০৪.২২.৭১/১(৩১)

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯
০২ নভেম্বর ২০২২

অনুলিপিঃ

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

২) মহাব্যবস্থাপক, বিপণন ডিভিশন (দক্ষিণ), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৩) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন , জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৪) মহাব্যবস্থাপক, বিপণন ডিভিশন (উত্তর), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৫) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), অপারেশন ডিভিশন, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৬) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ডিভিশন, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৭) উপ-মহাব্যবস্থাপক, পাইপলাইন কন্সট্রাকশন ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৮) উপ-মহাব্যবস্থাপক, টেকনিক্যাল সার্ভিসেস ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৯) উপ-মহাব্যবস্থাপক, আরডিডি, সিলেট মেট্রো, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১০) উপ-মহাব্যবস্থাপক, আরডিডি, সিলেট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১১) উপ-মহাব্যবস্থাপক, রিসার্চ এ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড ( কোম্পানির ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

১২) উপ-মহাব্যবস্থাপক, আরডিডি, হবিগঞ্জ, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১৩) উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), আরডিডি, মৌলভীবাজার, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১৪) ব্যবস্থাপক, ঢাকা লিয়াজোঁ অফিস, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১৫) সকল আবিকা প্রধান

১৬) সকল নোটিশ বোর্ড

১৭) দপ্তর নথি

২-১১-২০২২
মোঃ রুহুল করিম চৌধুরী
উপ-মহাব্যবস্থাপক